

3 (Sem-2) BEN M 1

2 0 1 6

BENGALI
(Major)

Paper : 2.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : ১×১০=১০
- (ক) আলিপুর বোমা ষড়যন্ত্রের মামলায় অভিযুক্তদের মধ্যে কে চিত্রবিদ্যায় পারদর্শী ছিলেন ?
- (খ) “দৈত্যকূলে প্রহ্লাদ-এর মতো তিনিই ছিলেন পুলিশ-কর্মচারীদের মধ্যে একমাত্র ভদ্রলোক।” এখানে কার কথা বলা হয়েছে ?
- (গ) “যুগান্তর ছিল ঐরূপ একটি বিপ্লবকেদ্রে _____।”
- (ঘ) অমরকণ্টক কোথায় অবস্থিত ?
- (ঙ) আমেরিকার বিপ্লববাদী ‘গদর’ পত্রিকার সম্পাদক কে ছিলেন ?
- (চ) ‘Destiny of Human life’ এই ইংরেজি বক্তৃতাটি কে প্রদান করেছিলেন ?

- (ছ) “এমন সুন্দর বিড়াল কম দেখা যায়।” ছোটবেলায় শিবনাথ শাস্ত্রীদের পোষা বিড়ালটির নাম কী ছিল?
- (জ) এল. এ. পরীক্ষায় ইংরেজি ও সংস্কৃতে ইউনিভার্সিটিতে সর্বোচ্চ স্থান অধিকার করায় শিবনাথ শাস্ত্রী কোন স্কলারশিপ লাভ করেছিলেন?
- (ঝ) বাঙালিদের উগ্র সাহেবিয়ানাকে ব্যঙ্গ করে শিবনাথ শাস্ত্রী ‘এডুকেশন গেজেট’ পত্রিকায় কোন ছদ্মনামে কবিতা লিখতেন?
- (ঞ) “আমি তাহাকে বিধবা-বিবাহ করিবার জন্য নাচাইয়া তুলিলাম। তিনি তাহাতে সম্মত হইলেন।” এখানে শিবনাথ শাস্ত্রীর কোন সহায়্যায়ী বন্ধুর কথা বলা হয়েছে?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) আলিপুর কারাগারের ভেতর নরেন্দ্র গোস্বামীর হত্যাকাণ্ডে কোন কোন বিপ্লবী জড়িত ছিলেন?
- (খ) “ইয়াঃ বিসমিল্লা! খোদানে কেয়া আজব চিজ পয়দা কিয়া!” বক্তা কে? এখানে ‘আজব চিজ’ বলতে কী বোঝানো হয়েছে?
- (গ) ‘কঞ্জি’ কী?
- (ঘ) শিবনাথ শাস্ত্রীর মাতামহের নাম কী? তিনি শিবনাথকে কী নামে ডাকতেন?
- (ঙ) কোন সালে শিবনাথ শাস্ত্রী কলকাতায় এসে সংস্কৃত কলেজে ভর্তি হন? সে সময় সেখানকার কর্তা কে ছিলেন?

৩। নির্দেশ অনুযায়ী যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

(ক) “আমার শুধু এইটুকু বক্তব্য যে, এদেশের বিপ্লবপন্থীরা আনারকিষ্ট নহেন।” ‘আনারকিষ্ট’ (anarchist) কাদের বলা হয়? আমাদের দেশের বিপ্লবীদের সঙ্গে তাদের পার্থক্য কোথায়?

(খ) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

“শেষে বেগতিক দেখিয়া উভয় দলই স্থির করিল যে আমরা হিন্দুও নই মুসলমানও নই—আমরা বাঙালী।”

(গ) “...কিন্তু নন্দগোপাল নির্বিকার পরমপুরুষের মত নিষ্পন্দ এবং সদা স্মিত বদন।” আন্দামান জেলে নন্দগোপালের ব্যতিক্রমী প্রতিবাদ সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) “আমার পিতামহীর চরিত্র এই সাহস ও প্রত্যুৎপন্নমতিত্বের অনুরূপই ছিল।” শিবনাথ শাস্ত্রীর পিতামহীর সাহসিকতার পরিচয় দাও।

(ঙ) “সেদিন সন্ধ্যা হইতেই আকাশ ঘনঘটাচ্ছন্ন হইয়া জোরে বায়ু বহিতে আরম্ভ হয় ও বৃষ্টি নামে।” ১৮৬৪ সালের আশ্বিনের মহাঝড়ে শিবনাথ শাস্ত্রীর অভিজ্ঞতা ব্যক্ত করো।

(চ) “স্বামীর শৈশবে ও আমার গ্রাম ত্যাগ করিবার সময়ে ; আমাদের গ্রাম শিক্ষাদি বিষয়ে ২৪ পরগণার দক্ষিণ প্রদেশে একটি অগ্রগণ্য গ্রাম হইয়া দাঁড়াইয়াছিল।” শিবনাথ শাস্ত্রীদের গ্রামটির বৌদ্ধিক উৎকর্ষের পরিচয় দাও।

* * *

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

- (ক) 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থে শ্রীঅরবিন্দ ঘোষের যে বৃত্তান্ত ব্যক্ত হয়েছে তা আলোচনা করো।
- (খ) "আমি ফ্রান্সে গিয়ে ফরাসী রান্না শিখে এসেছি, সুতরাং আমার মতই ঠিক।" প্রসঙ্গটি সবিস্তারে আলোচনা করো।
- (গ) 'কারা সাহিত্য'-এর সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'নির্বাসিতের আত্মকথা' গ্রন্থটিকে সার্থক 'কারা সাহিত্য' হিসাবে অভিহিত করা যায় কিনা তা আলোচনা করো।
- (ঘ) 'নির্বাসিতের আত্মকথা'র নামকরণের সার্থকতা বিচার করো।

খ—গুচ্ছ

- (ক) "আমার টিল ছোড়া বিষয়ে দুইটি ঘটনা স্মরণ আছে।" এই ঘটনা দুটি বিবৃত করো।
- (খ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থে উপেন্দ্রনাথ দাসের প্রসঙ্গ সবিস্তারে লিখিত হয়েছে। এ সম্বন্ধে এক পর্যালোচনা প্রস্তুত করো।
- (গ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্রের তথ্যনিষ্ঠ আলোচনা করো।
- (ঘ) 'আত্মজীবনী' হিসাবে শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থের মূল্যায়ন করো।
